

Bodystretch Bangladesh Ltd.



শিশু শ্রম নীতিমালা Child Labor Policy

১.১ মূলনীতি:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: সদা বিশ্বাস করে যে, দক্ষ জনবলের উপরই উৎপাদনশীলতা নির্ভরশীল। সঠিক কাজের জন্য সঠিক ব্যক্তি নিয়োগের উদ্দেশ্যে, সবসময়ই একটি নিখুঁত, নিরপেক্ষ ও অংশগ্রহনমূলক নিয়োগ পদ্ধতি অনুসরণ করে থাকে। উৎপাদনের সকল স্তরে শিশু শ্রম বা শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণ নিষেধ।

যে কোন প্রকার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর কর্মযোগ্যতাকেই অন্যতম শর্ত হিসাবে বিবেচনা করা হয়। প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী ও প্রাপ্ত বয়স্ক হতে হবে। সকল প্রার্থীকে ডাক্তার কর্তৃক বয়স যাচাই করা হয়। প্রার্থীর বয়স সঠিকভাবে প্রমাণিত হওয়া সাপেক্ষেই তাকে পরবর্তী সাক্ষাতকারের জন্য মনোনীত করা হয়।


১.২ উদ্দেশ্য ও লক্ষ্য:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি. কোম্পানীর অভ্যন্তরে শিশুশ্রম মুক্ত কর্মপরিবেশ গড়ে তোলাই এই নীতিমালার উদ্দেশ্য। কারখানার অভ্যন্তরে শিশুশ্রম নিরসন ও প্রতিরোধ করার জন্য একটি সুনির্দিষ্ট "শিশুশ্রম নীতি" প্রনয়ন করা হয়েছে। বডিস্ট্রেচ বাংলাদেশ লি. কখনও প্রচলিত আইনের বিরুদ্ধে কোন প্রকার নিয়োগে উৎসাহিত করে না। এছাড়া এ প্রতিষ্ঠান যে কোন প্রকার শিশুশ্রম হইতে সম্পূর্ণ মুক্ত রাখতে এই প্রতিষ্ঠান সম্পূর্ণ বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করা এই নীতির লক্ষ্য।

১.৩ পরিধি:

এই নীতিমালা বডিস্ট্রেচ বাংলাদেশ লি. সংশ্লিষ্ট সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি বডিস্ট্রেচ বাংলাদেশ লি. ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে।

অনুমোদনের তারিখ:	৫/২/২০১৩	নবায়নের তারিখ:	১/১/২০১৭
রিভিশন নং:	০২	বাস্তবায়নের তারিখ:	৫/২/২০১৩



Head Office: 4-A&B (4th floor) Plot # 30 Sonargaon Janapath Road, Sector # 11, Uttara, Dhaka-1230, Bangladesh.

Tel : +8802- 7914412, +8802-8991729, Fax : +8802-8991029

Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O.: BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh

E-mail : bangladesh@bodystretch.com http : //www.bodystretch.com

